
গুছিয়ে
রাখি



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক ২০২৪ শিক্ষাবর্ষ থেকে
প্রাক-প্রাথমিক পর্যায়ের ৪+ বয়সি শিশুদের জন্য প্রণীত

# গুছিয়ে রাখি



এই গল্পটি ব্র্যাক আইইডি, ব্র্যাক বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত সাবিরা সুলতানার
গল্প এবং কামরুন নাহারের অলঙ্করণ অবলম্বনে অভিযোজিত

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ

**জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ**
কর্তৃক প্রকাশিত
(প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত)
প্রথম প্রকাশ: ডিসেম্বর ২০২৩
পুনর্মুদ্রণ: সেপ্টেম্বর ২০২৫

**প্রাক-প্রাথমিক শিক্ষার ৪+ বয়সি শিশুদের জন্য শিখন-সামগ্রী**

## উন্নয়ন ও অভিযোজন

প্রফেসর কুররাতুল আয়েন সফদার
মোঃ গোলাম মোস্তফা
মোঃ আব্দুল মুমিন মোছাব্বির
ড. মোহাম্মদ নূরুল বাশার
রেজাউল করিম বয়াতী
মোহাম্মদ মফিজুর রহমান
মোঃ আব্দুল্লাহ আল মাসুদ
গাজী মোহাম্মদ নাজমুল হোসেন
মোঃ মাজাহারুল ইসলাম খান
মোহাম্মদ আবু বকর ছিদ্দিক
মহিউদ্দিন আহমেদ তালুকদার
মোঃ মাহফুজুর রহমান জুয়েল
ডা. মোঃ গোলাম মোস্তাফা
সৈয়দা সাজিয়া জামান
মোঃ তারিকুল ইসলাম চৌধুরী
নাহিদ পারভীন
ড. শিল্পী রানী সাহা
ইসরাত জাহান
রাজিয়া সুলতানা
নন্দিনী ঘোষ

## চিত্রাঙ্কন ও গ্রাফিক ডিজাইন

হোসনে আরা বেগম
মোঃ রাজীব হোসেন
মোঃ লুৎফুল হায়দার-আল্-মাসুম
সাইদ আহমেদ কানন
মৃনাল কৃষ্ণ দাস
সুমন কুমার বড়াল
সারাহ্ সাইয়ারা
কুতুবুল ইসলাম অভি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য

মুদ্রণে:



অপু দুধ ও রুটি খাচ্ছে। এমন সময় কে যেন দরজায় ঠক ঠক আওয়াজ করছে।

অপু জিজ্ঞেস করল, ‘কে?’
বিড়ালছানা বলল, ‘মিউঁ মিউঁ!
আমি তোমার বন্ধু।
তোমার সঙ্গে খেলতে এসেছি।’



বিড়ালছানাকে দেখে অপু খুব খুশি হলো।
ছানাটিকে দুধ ও রুটি খেতে দিলো।




খাওয়া শেষে বিড়ালছানা বলল, ‘চলো, এবার আমরা খেলি। কোথায় তোমার পুতুল, বল আর গাড়ি?’
অপু খেলনাগুলো আনতে গেলো।



কিন্তু একি! খেলনার বাক্সতো একদম খালি!
অপুর মন খুব খারাপ হলো।
বিড়ালছানা বলল, ‘চলো, আমরা খেলনাগুলো
খুঁজে বের করি।’



তারা বসার ঘরে গেলো।
সোফার নিচে খুঁজে পেল পুতুলকে।
পুতুল গাল ফুলিয়ে বলল, ‘তুমি কেন আমাকে
এখানে রেখে গিয়েছ?’



এরপর তারা খাবার ঘরে গেলো।
টেবিলের নিচে খুঁজে পেল বলকে।
বল গড়গড়িয়ে বলল, ‘তুমি কেন আমাকে
এখানে রেখে গিয়েছ?’



এবার তারা শোবার ঘরে গেলো।
আলমারির পাশে খুঁজে পেল গাড়িকে।
গাড়ি হর্ন বাজিয়ে বলল, ‘তুমি কেন
আমাকে এখানে রেখে গিয়েছ?’



বিড়ালছানা বলল, ‘চলো, এখন খেলনাগুলো
খেলনার বাক্সে গুছিয়ে রাখি।’
পুতুল, বল ও গাড়ি খুব খুশি হলো।
ঠিক জায়গায় গুছিয়ে রাখার জন্য অপু ও
বিড়ালছানাকে ধন্যবাদ দিলো।



বিড়ালছানা বলল, ‘বিদায় বন্ধু। এখন আমি যাই।’
অপু বলল, ‘কিন্তু আমরাতো এখনও খেলা শুরুই করিনি।’
বিড়ালছানা বলল, ‘খেলা শেষে খেলনাগুলো বাক্সে গুছিয়ে রাখতে হয়। তাহলে ঠিক সময়ে খেলা শুরু করা যায়।’




## গল্পের মূলভাব

নিজের জিনিসপত্র ও খেলনা গুছিয়ে রাখার অভ্যাস করলে সময়মতো সব কাজ করা যায়। তাই শিশুদের নিজের জিনিসপত্র গুছিয়ে রাখার বিষয়ে উৎসাহিত করাই এই গল্পের মূল বিষয়।



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক ২০২৪ শিক্ষাবর্ষ থেকে
প্রাক-প্রাথমিক পর্যায়ের ৪+ বয়সি শিশুদের জন্য প্রণীত



জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ
৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিনামূল্যে বিতরণের জন্য